



“শিল্পে প্রাকৃতিক গ্যাস
গৃহস্থালীতে বিকল্প জ্বালানী”

“বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার”

বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)

বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বা/এ, ঢাকা

www.bapex.com.bd

সূত্র নম্বর : ২৮.০৯.০০০০.০১২.৪৫.০০১.১৮

তারিখ: ১৮-০১-২০২২

**বিষয়ঃ কোম্পানির জন্য প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (২০২১-২০২২) এর তৃতীয়
কোয়ার্টারের সভার কায বিবরণি।**

সভাস্থল : কমিটি কক্ষ, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর

তারিখ : ১৮ জানুয়ারী ২০২২

উপস্থিতি : পরিশিষ্ট 'ক' এ সন্নিবেশিত

১৮ জানুয়ারী ২০২২ তারিখ, বেলা ১১:০০ ঘটিকায় কোম্পানির জন্য প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা (২০২১-২০২২) এর তৃতীয় কোয়ার্টারের সভা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তরে অবস্থিত কমিটি কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় কমিটির সকল সদস্য উপস্থিত ছিলেন। মহাব্যবস্থাপক (প্রশাসন) ও সংশ্লিষ্ট কমিটির আহ্বায়ক সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করার জন্য উপমহাব্যবস্থাপক (এইচআরএম) এবং শুদ্ধাচার কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্টকে আহ্বান জানান। সদস্য সচিব তদানুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করেন।


আলোচ্য বিষয়:


(ক) উপমহাব্যবস্থাপক (এইচআরএম) এবং শুদ্ধাচার কমিটির ফোকাল পয়েন্ট দ্বিতীয় কোয়ার্টারের সভায় গৃহীত সিদ্ধান্ত পড়ে শুনান এবং বাস্তবায়ন অগ্রগতি সভাকে অবহিত করেন। পর্যালোচনা করে দেখা যায় যে, গৃহীত সিদ্ধান্তের সবগুলোই নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়িত হয়েছে। এ জন্য মহাব্যবস্থাপক (প্রশাসন) ও নৈতিকতা কমিটির আহ্বায়ক কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানান। সভায় আলোচনা করা হয় যে, বর্তমানে চলমান করোনা অতিমারী অমিক্রম এর সংক্রমণের পরিমাণ আগের তুলনায় বৃদ্ধি পেয়েছে। সহসাই এ সমস্যা থেকে সম্পূর্ণরূপে পরিত্রাণের সম্ভাবনা দেখা যাচ্ছে না। ফলে স্বাস্থ্যবিধি মেনে সবাইকে অর্পিত দায়িত্ব পালন করে প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সময়াবদ্ধ কার্যক্রম বাস্তবায়নে কমিটির আহ্বায়ক সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরও বলেন, তৃতীয় কোয়ার্টারে গৃহীতব্য লক্ষ্যমাত্র অর্জন করতে হলে নৈতিকতা কমিটি, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ, বিভাগীয় প্রধানসহ সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দের সার্বিক সহযোগিতা একান্ত প্রয়োজন।


(খ) অতঃপর কমিটির সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট, কোম্পানির জন্য প্রণীত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার তৃতীয় কোয়ার্টারে যে সকল কার্যক্রম বাস্তবায়ন করা প্রয়োজন, সভায় সেগুলো উপস্থাপন করেন। সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনার পর চলতি অর্থ বছরের তৃতীয় কোয়ার্টারে বাস্তবায়নের জন্য কর্মপরিকল্পনা অনুসরণে নিয়োক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।


ক্রমিক নম্বর	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা/বিভাগ
০১।	সুশাসন প্রতিষ্ঠান নিমিত্ত অংশীজনের(Stakeholders) অংশগ্রহণে সভা	কোম্পানির অংশীজনের (stakeholders) অংশগ্রহণে (zoom platform এ) সভার আয়োজন করা হবে।	নৈতিকতা কমিটি
০২।	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন	কোম্পানীর কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করা হবে।	উপমহাব্যবস্থাপক (এইচআরএম)
০৩।	কর্মক্ষেত্র সীমিত পানি ও বিদ্যুৎ এর ব্যবহার নিশ্চিতকরণ	নৈতিকতা কমিটি কোম্পানির সকল মহাব্যবস্থাপককে নিয়ে সভা আহ্বান করে স্ব-স্ব বিভাগে সীমিত পানি ও বিদ্যুৎ এর ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করবে।	সকল মহাব্যবস্থাপক ও সংশ্লিষ্ট কমিটি
০৪।	আঞ্চলিক কার্যালয়/গ্যাস ফিল্ডে শুদ্ধাচার প্রতিপালনের বিষয়ে পর্যবেক্ষণ/পরিবিক্ষণ কার্যক্রম গ্রহণ	সংশ্লিষ্ট কমিটি এক বা একাধিক আঞ্চলিক কার্যালয়/গ্যাস ফিল্ডে শুদ্ধাচার প্রতিপালনের বিষয়টি সরেজমিনে গমনপূর্বক পর্যবেক্ষণ/পরিবিক্ষণ করবে।	সংশ্লিষ্ট কমিটি


সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।



(মোঃ সরওয়ার হামিদ)
ব্যবস্থাপক (ভূতত্ত্ব)
সদস্য



(মোহাম্মদ কামরুজ্জামান)
উপমহাব্যবস্থাপক (ক্রয়)
সদস্য


(কাজী মাহবুল আলম)
উপ-মহাব্যবস্থাপক(এইচআরএম)
সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট


(মোহাম্মদ আইসানুল আমিন)
উপমহাব্যবস্থাপক (আইসিটি)
সদস্য


(মোঃ আব্দুর রউফ)
মহাব্যবস্থাপক (প্রকৌশল)
সদস্য


(এস.এম. তারিকুল ইসলাম)
মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ)
সদস্য


(মোহাম্মদ আবুল বশর)
মহাব্যবস্থাপক (প্রশাসন) ও
আহ্বায়ক